



কিশোর-কিশোরী এবং ভেপিং: ঝুঁকিগুলি কী কী?

ইলেক্ট্রনিক সিগারেট (ই-সিগারেট) এবং ভেপিং ডিভাইসগুলি বিভিন্ন আকারের হয়, তবে এগুলি ই-লিকুইড হিসাবে পরিচিত সমস্ত লিকুইডকে অ্যারোসোলে উত্তাপিত করে। ই-লিকুইডে সাধারণত নিকোটিন, ফ্লেভার ও অন্যান্য রাসায়নিক থাকে।

ই-সিগারেটের অন্যান্য নামের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ভেপ, ভেপ পেন, ই-সিগস এবং ই-হুক্কা। যদিও ভেপ কোম্পানিগুলো ই-সিগারেটকে ক্ষতিকারক না মনে করার জন্য আকর্ষণীয় প্যাকেজিং, ফ্লেভার এবং বিজ্ঞাপন প্রচারের মতো কৌশল ব্যবহার করে, তবে সেগুলি ক্ষতিকারক।



পড়-ভিত্তিক বা
ডিসপজেবল
ই-সিগারেট



বড় ট্যাংক
ডিভাইস



ভেপ
পেনগুলি

□ ই-সিগারেটে সাধারণত নিকোটিন থাকে।

- নিকোটিন আসক্তি-সৃষ্টিকারী জিনিস, বিশেষ করে কিশোর-কিশোরীদের জন্য।
- নিকোটিন কিশোর-কিশোরীদের জন্য স্মৃতি ও মনোযোগের ক্ষতি করতে পারে ও শিক্ষার ক্ষমতা কমতে পারে।
- বেশিরভাগ ই-সিগারেটের পড়ে এক প্যাকেট সিগারেটের সমান নিকোটিন থাকে (কিছু কিছু পড়ে এর চেয়েও বেশী থাকে)।

□ ভেপিং ফুসফুসের ক্ষতির কারণ হতে পারে এবং অন্যান্য ভাবেও ফুসফুসের স্বাস্থ্যকে ক্ষতিগ্রস্ত করতে পারে।

□ গরম ই-লিকুইড থেকে বের হওয়া অ্যারোসোলে ক্ষতিকারক রাসায়নিক থাকতে পারে, যার মধ্যে রয়েছে:

- ফর্মালডিহাইড, একটি ক্যান্সার-সৃষ্টিকারী রাসায়নিক
- বেনজিন, একটি ক্যান্সার-সৃষ্টিকারী রাসায়নিক
- ফ্লেভারের ডাইয়াসিটাইল, যেটির ফুসফুসের রোগের সাথে সম্পর্ক রয়েছে
- ভারি ধাতু যেমন নিকেল, টিন এবং সীসা

□ ই-লিকুইডের উপাদানগুলিকে নিয়ন্ত্রণ করার কোনো কঠোর নিয়ম নেই, এবং স্বাস্থ্যের উপর সেগুলির দীর্ঘমেয়াদী প্রভাব অজানা।

□ ই-লিকুইড গিলে বা চামড়া ও চোখে লেগে অনেকে বিষক্রিয়ায় আক্রান্ত হয়েছে।

□ ই-সিগারেট পরিবেশের জন্য ক্ষতিকর এবং এতে প্লাস্টিক, ইলেকট্রনিক এবং বিপজ্জনক বর্জ্য পদার্থ থাকতে পারে।



ভেপিং ছাড়ার জন্য সহায়তার প্রয়োজন? তরুণ-তরুণীদের ভেপিং পরিত্যাগ করার জন্য বিনামূল্যে, গোপনীয় টেক্সটিং সহায়তা পেতে DropTheVape-এ সাইন আপ করতে পারেন এখানে

dropthevape.org। আরো তথ্যের জন্য, দেখুন nyc.gov/vaping